# 32662 - হজ্ব কখন ফরজ হয়েছে?

প্রশ্ন

প্রশ্ন: হিজরী কোন সালে হজ্ব ফরজ হয়েছে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

আলহামদুলিল্লাহ।

হজ্ব কোন সালে ফরজ হয়েছে এ ব্যাপারে আলেমগণ মতভেদ করেছেন। কারো কারো মতে, পঞ্চম হিজরীতে। কারো কারো মতে, ষষ্ঠ হিজরীতে, কারো কারো মতে দশম হিজরীতে। অপেক্ষাকৃত শুদ্ধ অভিমত হচ্ছে- শেষের দুইটি অভিমত। অর্থাৎ হিজরী নবম সালে অথবা দশম সালে হজ্ব ফরজ হয়েছে। দলিল হচ্ছে- আল্লাহ তাআলার বাণী:

وَلِلَّهِ عَلَى النَّاسِ حِجُّ الْبَيْتِ مَنِ اسْتَطَاعَ إِلَيْهِ سَبِيلًا

(অর্থ- আরএঘরেরহজ্বকরাহলোমানুষেরউপরআল্লাহরপ্রাপ্য; যেলোকেরসামর্থ রয়েছেএপর্যন্তপৌঁছার।) এ আয়াতের ভিত্তিতে হজ্ব ফরজ হয়। এই আয়াতে কারীমা আমুল ওফুদ (প্রতিনিধিদল আগমনের বছর) তথা নবম হিজরীর শেষ দিকে নাযিল হয়েছে। অতএব, নবম হিজরীর শেষে দিকে হজ্ব ফরজ হয়েছে। দেখুন যাদুল মাআদ (৩/৫৯৫)।

আল্লাহই ভাল জানেন।

আল্লাহই তাওফিকের মালিক।